

তারিখঃ ০২/০১/২০১৮ইং

প্রেস রিলিজ

০২ জানুয়ারি ২০১৮ তারিখে ডিএসই বোর্ড রুমে ঢাকা স্টক এক্সচেঞ্জ এর ব্যবস্থাপনা পরিচালক ও ব্যবস্থাপনা কর্মকর্তাদের সাথে বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশনের নব-নির্বাচিত সভাপতি জনাব মোহাম্মাদ নাছির উদ্দিন চৌধুরীর নেতৃত্বাধীন কমিটির সদস্যবৃন্দ সৌজন্য সাক্ষাৎ করেন। ডিএসই'র ব্যবস্থাপনা পরিচালক বিএমবিএ-এর নব নির্বাচিত প্রতিনিধি বৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে বলেন, পুঁজিবাজারের গতিশীলতার জন্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীর বিকল্প নেই। একটি গতিশীল বাজার গড়ে তুলতে পুঁজিবাজারে মার্চেন্ট ব্যাংকের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এবং বিশাল দায়িত্ব রয়েছে সকল স্টেক হোল্ডার্স ও মার্চেন্ট ব্যাংক বাংলাদেশের পুঁজিবাজার উন্নয়নে কাজ করে যাচ্ছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় মাধ্যমে পুঁজিবাজারের বিদ্যমান সমস্যা সমাধান করা সম্ভব। মার্চেন্ট ব্যাংকগুলো বিগত দিনেও পুঁজিবাজারকে গতিশীল করার জন্য কাজ করেছে এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এরই ভিত্তিতে বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশনের নব নির্বাচিত সভাপতি জনাব মোহাম্মাদ নাছির উদ্দিন চৌধুরী বলেন, এ সংগঠন শুধু মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশনের নয় এটি হলো ক্যাপিটাল মার্কেট পার্টিসিপেন্টস। আমাদের সকলের আন্তরিক প্রচেষ্টায় একটি শক্তিশালী পুঁজিবাজার গড়ে তুলতে হবে। পুঁজিবাজারে সকলের পরস্পর সহযোগিতার মাধ্যমে কাজ করা হলে তবে তা পুঁজিবাজারের জন্য ইতিবাচক সুফল বয়ে আনবে। এই আলোচনায় সেক্রেটারি জেনারেল মহোদয়ও অংশগ্রহণ করেন।

সর্বশেষে, নবনির্বাচিত সভাপতির নেতৃত্বে সদস্যবৃন্দ ডিএসই'র চেয়ারম্যান মহোদয়ের সহিত সাক্ষাৎ করে শুভেচ্ছা বিনিময় করেন।

ধন্যবাদান্তে,



(মোঃ গোলাম মোস্তফা)

সেক্রেটারি